

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
অডিট-২ অধিশাখা  
www.lgd.gov.bd

নং- ৪৬.০৪৯.০০২.০২.০০.১০৯.২০১৪ - ৬২০

তারিখঃ ১৭ জুলাই ২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ গোবিন্দগঞ্জ পৌরসভা কার্যালয়ের ২০১৩-২০১৫ অর্থ বছরের অডিট আপত্তির অগ্রিম অনুচ্ছেদের জবাব প্রেরণ।

সূত্রঃ গোবিন্দগঞ্জ পৌরসভা কার্যালয়ের স্মারক নং-১২৬, তারিখঃ ০৫/০৫/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রুতিতে জানানো যাচ্ছে যে, গোবিন্দগঞ্জ পৌরসভা কার্যালয়ের ২০১৩-২০১৫ অর্থ বছরের আপত্তির অগ্রিম অনুচ্ছেদ ১ ও ৩ এর জবাব সন্তোষজনক বিবেচিত হওয়ায় এক প্রস্থ জবাব নিষ্পত্তির সুপারিশসহ নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হল।

অডিট আপত্তি দ্রুত ও কার্যকরভাবে নিষ্পত্তিকল্পে বিষয়টি অতি জরুরী হিসেবে বিবেচ্য হবে।

মহাপরিচালক  
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর  
সেগুনবাগিচা, ঢাকা।

(মোঃ এরশাদুল হক)  
উপসচিব  
ফোন-৯৫৪০৩২৬

নং- ৪৬.০৪৯.০০২.০২.০০.১০৯.২০১৪ - ৬২০

তারিখঃ ১৭ জুলাই ২০১৬ খ্রিঃ।

অনুলিপি কার্যার্থেঃ

মেয়র  
গোবিন্দগঞ্জ পৌরসভা  
গাইবান্ধা।

অনুঃ ২, ৩, ৪ ও ৫(২০১৩-২০১৫) আপত্তিকৃত অর্থ আগামী ১০ (দশ) কার্য দিবসের মধ্যে সরকারি কোষাগারে জমা করে যথাযথ প্রমাণকসহ পুনরায় জবাব প্রেরণ;  
অনুঃ ৭(২০১৩-২০১৫) আপত্তিকৃত অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করে পুনরায় জবাব এবং  
অনুঃ ৮(২০১৩-২০১৫) আপত্তিকৃত অর্থ আগামী ১০ (দশ) কার্য দিবসের মধ্যে মুক্তিযোদ্ধা কল্যাণ তহবিলে জমা করে পুনরায় জবাব প্রেরণের জন্য অনুরোধ করা হল।

(মোঃ এরশাদুল হক)  
উপসচিব

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্ম সচিব (অডিট/প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
৩. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধসহ)।
৬. সংরক্ষণ নথি।

Final letter-p